ঢাকা উত্তরে তাবিথ ও দক্ষিণে ইশরাককে মনোনয়ন দিয়েছে বিএনপি

ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচনে বিএনপি মেয়র পদে দলীয় প্রার্থী চূড়ান্ত করেছে। ঢাকা উত্তর সিটিতে দলটির মনোনয়ন পেয়েছেন তাবিথ আউয়াল আর দক্ষিণে মনোনয়ন পেয়েছেন ইশরাক হোসেন।

গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে শনিবার রাত পৌনে সাতটার দিকে সংবাদ সম্মেলনে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ কথা জানান। এর আগে প্রার্থীদের সাক্ষাৎকার নেন বিএনপির স্থায়ী কমিটির নেতারা।

তাবিথ আউয়াল ২০১৫ সালের নির্বাচনে ঢাকা উত্তর থেকে ধানের শীষ নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করেন। তিনি বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও বিশিষ্ট ব্যবসায়ী, বিএনপি নেতা আবদুল আউয়াল মিন্টুর ছেলে। আর ইশরাক হোসেন অবিভক্ত ঢাকার সাবেক মেয়র প্রয়াত সাদেক হোসেন খোকার ছেলে।

বিএনপি মহাসচিব বলেন, তরুণ প্রার্থী হিসেবে তাবিথ আউয়াল ও ইশরাক হোসেন উভয়েই ভালো করবেন বলে আশা করি।

বিএনপি সূত্রে জানা গেছে, ঢাকা দক্ষিণ সিটিতে বিএনপির একমাত্র মনোনয়ন প্রত্যাশী ছিলেন ইশরাক হোসেন। আর উত্তরে মনোনয়ন চেয়েছিলেন দলটির বিশেষ সম্পাদক ড. আসাদুজ্জামান রিপন ও তাবিথ আউয়াল। শেষ পর্যন্ত তাবিথকেই বেছে নেয় বিএনপি।

অপরদিকে, ক্ষমতাসীন আওয়ামী লীগ থেকে দুই সিটিতে মেয়র পদে কে কে প্রতিদ্বন্দ্বিতা করবেন তা ঠিক করতে গণভবনে বৈঠকে বসেছেন দলটির শীর্ষস্থানীয় নেতারা। রাতেই আওয়ামী লীগের মেয়র প্রার্থীদের নাম জানানো হতে পারে।

উল্লেখ্য, আগামী ৩০ জানুয়ারি ঢাকার দুই সিটিতে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। এবার সব কেন্দ্রেই ইভিএমে ভোটগ্রহণের কথা জানিয়েছে বিএনপি।